যুগান্তর

তারিখ: 28 SEP 2017
পৃষ্ঠা: ২ কলাম: ৬

ঢাবি সিন্ডিকেটের সিদ্ধান্ত

# শিক্ষা ছুটিতে থাকা শিক্ষকরাও পাবেন বাসা ভাড়া

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

শিক্ষা ছুটিতে দেশের বাইরে যাওয়া শিক্ষকরাও এখন থেকে নিয়মিত বাসা ভাড়া পাবেন। পাশাপাশি এর আগে শিক্ষক দম্পতি বিদেশে গেলে বাসা বরাদ্দ বাতিল করা হলেও সেই সিদ্ধান্তে পরিবর্তন এসেছে। এখন থেকে শিক্ষা ছুটিতে যাওয়া শিক্ষকের বাবা-মা জীবিত থাকলে তারা বিশ্ববিদ্যালয়ের বাসায় অবস্থান করতে পারবেন। এ সিদ্ধান্তের মাধ্যমে শিক্ষকদের দীর্ঘদিনের দাবি পূরণ হল।

বুধবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এ সভায় আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। ভিসি হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটি ছিল তার প্রথম সিন্ডিকেট সভা। এতে সিন্ডিকেট সদস্যরা ভিসিকে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় আদেশ সমুন্নত রেখে বিশ্ববিদ্যালয় পরিচালনার পরামর্শ দেন। সভার বিষয়ে ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুগান্তরকে বলেন, সিন্ডিকেট সদস্যরা বিভিন্ন বিষয়ে তাদের পরামর্শ দিয়েছেন। আমি তাদের আশ্বস্ত করেছি আগামীতে বিশ্ববিদ্যালয় পরিচালনায় নিয়মের ব্যত্যয় হবে না। এছাড়া শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আইন যথাযথভাবে অনুসরণ করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং......
তারিখ......
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর